Bangladesh Petroleum Corporation
B S C BHABAN, SALTGOLA ROAD, POST BOX NO. 2025, CHITTAGONG-4100

সূত্র নং- ৩৪.০৪/বিপণন/ ৪৪৩ জুন ১৮, ২০১২ খ্রিঃ।

ব্যবস্থাপনা পরিচালক
যমুনা অয়েল কোম্পানী লিঃ
পদ্মা অয়েল কোম্পানী লিঃ
মেঘনা পেট্রোলিয়াম লিঃ
উপ-মহাব্যবস্থাপক
স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ
চট্টগ্রাম।

বিষয় ঃ ফার্ণেস অয়েল বিপণন/সরবরাহ নীতিমালা।

মহোদয়,

প্রকৃত গ্রাহক/ব্যবহারকারী/শিল্প প্রতিষ্ঠান/সরকারি ও বেসরকারি পর্যায়ে নির্মিত বিদ্যুৎ কেন্দ্র, বিভিন্ন চা বাগানে সুষ্ঠুভাবে ফার্ণেস অয়েল বিপণন/সরবরাহ নিশ্চিতকল্পে নিম্নোক্ত পদ্ধতি/নীতিমালা অনুসরণ করে যথানিয়মে ফার্ণেস অয়েল সরবরাহ প্রক্রিয়া অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল ঃ

১) বিপণন কোম্পানী কর্তৃক প্রকৃত গ্রাহক/ব্যবহারকারী/শিল্প প্রতিষ্ঠান ও চা বাগানে ফার্ণেস অয়েল সরবরাহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিপণন কোম্পানী ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে একটি কমিটি গঠনসহ সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে "ভিজিল্যান্স টিম" গঠনপূর্বক সংস্থা'কে অবহিত করতে হবে ;

২) প্রকৃত গ্রাহক/ব্যবহারকারী/শিল্প প্রতিষ্ঠান তাদের নিজস্ব অনুমোদিত প্যাডে ফার্ণেস অয়েল ব্যবহারের প্রয়োজনীয়তা উল্লেখ্যপূর্বক সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক (স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ এর ক্ষেত্রে উপ-মহাব্যবস্থাপক) বরাবর আবেদন করতে হবে ;

৩) পেশকৃত আবেদনে ফার্ণেস অয়েলের চাহিদার পরিমাণ, ব্যবহারের ক্ষেত্র উল্লেখ্যসহ উক্ত প্রতিষ্ঠানের হালনাগাদ টিআইএন সার্টিফিকেট, ভ্যাট সার্টিফিকেট, আয়কর সার্টিফিকেট ও ট্রেড লাইসেন্স ইত্যাদির সত্যায়িত কপি থাকতে হবে ;

৪) আবেদনপত্র পাওয়ার পর সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রয়োজনে উপ-কমিটি গঠনপূর্বক প্রস্তাবিত প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিষ্ঠানটির অস্তিত্ব ও প্রকৃত চাহিদা নিরূপণ করে চাহিত পরিমাণ ফার্ণেস অয়েল যথানিয়মে সরবরাহ করতে হবে ;

৫) আবেদনকারী প্রতিষ্ঠানটি গ্যাস-ভিত্তিক/ফার্ণেস অয়েল-ভিত্তিক কিনা তা নিরূপণসহ মাসিক চাহিদা নির্ধারণ করতে হবে ;

৬) বিপণন কোম্পানী কর্তৃক গঠিত কমিটির সুপারিশ সম্বলিত আবেদন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর যথানিয়মে ফার্ণেস অয়েল সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই প্রতিষ্ঠান চারটি বিপণন কোম্পানী হ'তে ফার্ণেস অয়েল সরবরাহের বিষয়টি সমন্বিতভাবে মনিটরিং করতে হবে ;

৭) আবেদনকারী প্রতিষ্ঠান/ব্যবহারকারী বিপণন কোম্পানী থেকে সংগৃহীত/উত্তোলিত পরিমাণ ফার্ণেস অয়েল মজুদ রাখার ক্ষেত্রে স্টোরেজ সুবিধাদি রয়েছে কিনা তা দেখতে হবে এবং সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর স্থাপনায়/ডিপোতে মজুদ থাকা সাপেক্ষে বরাদ্দ প্রদান করতে হবে ;

৮) প্রকৃত ব্যবহারকারী/বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ফার্ণেস অয়েল সরবরাহের ক্ষেত্রে বিপণন কোম্পানীগুলো কর্তৃক সকল ক্ষেত্রে বৈধ প্রতীয়মান হলে সরবরাহতব্য ফার্ণেস অয়েলের অগ্রিম মূল্য বাবদ পে-অর্ডার/ডিডি (আবশিকভাবে যাচাই সাপেক্ষে) গ্রহণপূর্বক প্রকৃত ব্যবহারকারী/শিল্প প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তি/প্রতিনিধিকে (*মনোনীত ব্যক্তি/প্রতিনিধির ছবি ও স্বাক্ষর প্রতিষ্ঠানের মালিক কর্তৃক সত্যায়িত*) যথানিয়মে ফার্ণেস অয়েল সরবরাহ করতে হবে ;

৯) ফার্ণেস অয়েল ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানের মালিকের নাম, টেলিফোন/মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর ইত্যাদিসহ নমুনা স্বাক্ষর প্রেরণের জন্য অনুরোধ করতে হবে ;

চলমান পাতা-২/

TELEPHONE : PABX : (031) 716336, FAX : 880-31-724910/880-31-720147

Bangladesh Petroleum Corporation
B S C BHABAN, SALTGOLA ROAD, POST BOX NO. 2025, CHITTAGONG-4100



১০) বিপণন কোম্পানী কর্তৃক ফার্ণেস অয়েল বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাধিকার (Priority) নির্ধারণ করবে এবং তা আবশ্যিকভাবে সংস্থা'কে অবহিত করতে হবে ;

১১) বিভিন্ন প্রতিষ্ঠানে/ব্যবহারকারীদের নিকট সরবরাহকৃত ফার্ণেস অয়েল যথাযথ ব্যবহার হচ্ছে কিনা তা বিপণন কোম্পানীর সংশ্লিষ্ট কর্মকর্তা/আঞ্চলিক ব্যবস্থাপক/বিক্রয় কর্মকর্তার মাধ্যমে বিশেষ করে ভিজিল্যান্স টিমের মাধ্যমে সত্যতা যাচাই করতে হবে ;

১২) প্রধান স্থাপনা ও ডিপো থেকে ফার্ণেস অয়েল সরবরাহের ক্ষেত্রে প্রকৃত ব্যবহারকারী/শিল্প প্রতিষ্ঠানের মালিক/মনোনীত ব্যক্তি/প্রতিনিধির ছবি সম্বলিত বিস্তারিত নাম, ঠিকানা, মোবাইল নম্বর, গন্তব্য স্থান, ট্রাক নং, ট্রাক ড্রাইভারের নাম, লাইসেন্স নং, সরবরাহকৃত ফার্ণেস অয়েলের পরিমাণ ইত্যাদি বিস্তারিত বিবরণ রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে। উক্ত তথ্য সম্বলিত তালিকা প্রতি ১৫(পনের) দিন অন্তর সংশ্লিষ্ট তেল বিপণন কোম্পানীর মহাব্যবস্থাপক (বিপণন) এবং স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেডের উপ-মহাব্যবস্থাপক কর্তৃক সরেজমিনে যাচাই করতে হবে। এ ক্ষেত্রে বিরূপ কোন অবস্থা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংস্থা'কে অবহিত করতে হবে ;

১৩) প্রকৃত ব্যবহারকারী/শিল্প প্রতিষ্ঠানে সরবরাহকৃত ফার্ণেস অয়েলের ইনভয়েস/বরাদ্দপত্র/ডেলিভারী চালানের এক প্রস্থ ফটোকপি রেজিস্ট্রার্ডযুক্ত ডাক/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট প্রেরণ করতে হবে ;

১৪) বিপণন কোম্পানী কর্তৃক সরবরাহকৃত ফার্ণেস অয়েলের গুণগতমান ও পরিমাণ সঠিক আছে কিনা তা মনিটরিং করতে হবে ;

১৫) এক বিপণন কোম্পানীর মনোগ্রাম সম্বলিত ভাউজার/ট্যাংকলরী অন্য বিপণন কোম্পানীর ইনস্টলেশন/ডিপো থেকে ফার্ণেস অয়েল পরিবহন করতে পারবে না ;

১৬) সরকারি/বেসরকারি পর্যায়ে নির্মিত বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্র এবং বিদেশী/বিদেশগামী জাহাজে বাংকারিং এর জন্য ফার্ণেস অয়েল সরবরাহের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করতে হবে এবং এস্এওসিএল'র ক্ষেত্রে সংস্থার পূর্বানুমোদন নিতে হবে ;

১৭) বিপণন কোম্পানী কর্তৃক সরবরাহকৃত ফার্ণেস অয়েলের গ্রাহক-ভিত্তিক/পরিমাণ-ভিত্তিক তালিকা পাক্ষিক আকারে মাসে দু'বার সংস্থার বন্টন ও বিপণন বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে ;

১৮) ফার্ণেস অয়েল সরবরাহের ক্ষেত্রে সংস্থা কর্তৃক মনিটরিং ব্যবস্থা অব্যাহত থাকবে। কোন অনাকাংখিত পরিস্থিতির উদ্ভব হলে তাৎক্ষণিকভাবে সংস্থা'কে অবহিত করতে হবে।

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আবু হানিফ)
মহাব্যবস্থাপক (বন্টন ও বিপণন)

বিতরণ ঃ

ব্যবস্থাপনা পরিচালক
ইস্টার্ণ রিফাইনারী লিঃ
চট্টগ্রাম।

অনুলিপি ঃ

১। সচিবের একান্ত সচিব
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যানের একান্ত সচিব, বিপিসি, চট্টগ্রাম।

৩। পরিচালক (অর্থ/অপাঃ ও পরিঃ/বিপণন) এর ব্যক্তিগত সহকারী, বিপিসি, চট্টগ্রাম।

৪। সচিবের ব্যক্তিগত সহকারী, বিপিসি, চট্টগ্রাম।

৫। মহাব্যবস্থাপক (হিসাব) এর ব্যক্তিগত সহকারী, বিপিসি, চট্টগ্রাম।

TELEPHONE : PABX : (031) 716336, FAX : 880-31-724910/880-31-720147